গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর
পরিকল্পনা ও উন্নয়ন শাখা
www.dshe.gov.bd
ঢাকা

জরুরি
সীমিত

স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.১০৯.৯৯.০০২.১৭.১৩৪

তারিখ: ২৯ আশ্বিন ১৪২৮
১৪ অক্টোবর ২০২১

বিষয়: **ব্যানবেইস কর্তৃক পরিচালিত শিক্ষা প্রতিষ্ঠান বার্ষিক জরিপ ২০২১ এর কার্যক্রম বাস্তবায়ন সংক্রান্ত।**

সূত্র: ব্যানবেইস এর পত্র নং- ৩৭.২০.০০০০.০০৩.৩৫.০৯৩.২১/৪৩৩৮, তারিখ: ০৫ অক্টোবর ২০২১

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, শিক্ষা প্রতিষ্ঠান সংক্রান্ত তথ্য সংগ্রহের জন্য বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস) দেশের সকল প্রাথমিকোত্তর শিক্ষা প্রতিষ্ঠানসমূহের শিক্ষাতথ্য ও পরিসংখ্যান সংগ্রহ, সংকলন এবং সরবরাহ করে থাকে। এসকল তথ্যের ভিত্তিতে ভবিষ্যৎ কর্মপরিকল্পনা প্রণয়ন করা হয় বিধায় দেশের সকল সরকারি ও বেসরকারি স্কুল, কলেজ এবং উচ্চ মাধ্যমিক বিদ্যালয়সহ অধিদপ্তরের আওতাধীন অন্যান্য শিক্ষা প্রতিষ্ঠানের তথ্য নির্ধারিত তারিখের মধ্যে ব্যানবেইস সার্ভারে (www.banbeis.gov.bd) নির্দেশিকা অনুসরণপূর্বক আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানানো হলো।

সংযুক্তি: ১। Online ফরম পূরণের নির্দেশিকা
২। শিক্ষা প্রতিষ্ঠান জরিপ ক্যালেন্ডার ২০২১

১৪-১০-২০২১
প্রফেসর ড. সৈয়দ মো. গোলাম ফারুক
মহাপরিচালক

আঞ্চলিক পরিচালক (সকল অঞ্চল), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা

স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.১০৯.৯৯.০০২.১৭.১৩৪/১(৭)

তারিখ: ২৯ আশ্বিন ১৪২৮
১৪ অক্টোবর ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) পরিচালক, পরিচালক এর দপ্তর, বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস)
২) সচিব এর একান্ত সচিব, সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
৩) উপ-পরিচালক (পঃ ও উন্নঃ), পরিকল্পনা ও উন্নয়ন শাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর

৪) সিনিয়র সিস্টেম এনালিস্ট, ই. এম. আই. এস সেল , মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর (পত্রটি মাউশি অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)

৫) পিএ টু মহাপরিচালক, মহাপরিচালকের দপ্তর , মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর

৬) পিএ টু মহাপরিচালক, মহাপরিচালকের দপ্তর, বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস)

৭) পিএ টু পরিচালক, পরিকল্পনা ও উন্নয়ন উইং, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর

১৪-১০-২০২১
মিনহাজ উদ্দীন আহাম্মদ
সহকারী পরিচালক (পঃ ও উন্নঃ)-৩

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস)
১ জহির রায়হান সড়ক (পলাশী-নীলক্ষেত), ঢাকা-১২০৫।
Web:www.banbeis.gov.bd

স্মারক নং ৩৭.২০.০০০০.০০৩.৩৫.০৯৩.২১/৪৩৩৮

তারিখ: ২০ আশ্বিন ১৪২৮ / ০৫ অক্টোবর ২০২১

**বিষয়: শিক্ষা প্রতিষ্ঠান বার্ষিক জরিপ ২০২১ এর জরিপ ক্যালেন্ডার ও বিশেষ বুলেটিন প্রচার এবং আঞ্চলিক পরিচালকদের আঞ্চলিক সমন্বয়কারী হিসেবে দায়িত্ব পালনের প্রয়োজনীয় নির্দেশনা প্রদান সংক্রান্ত।**

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস) দেশের সকল প্রাথমিকোত্তর শিক্ষা প্রতিষ্ঠানসমূহের শিক্ষাতথ্য ও পরিসংখ্যান সংগ্রহ, সংকলন এবং সরবরাহের একমাত্র সরকারি সংস্থা। শিক্ষা ক্ষেত্রে সঠিক পরিকল্পনা প্রণয়নের জন্য নির্ভরযোগ্য ও হালনাগাদ তথ্যের প্রয়োজন। শিক্ষা সংশ্লিষ্ট পরিকল্পনা প্রণয়ন ও শিক্ষা ব্যবস্থাপকগণের চাহিদা অনুযায়ী নির্ভুল তথ্য সরবরাহ নিশ্চিত করা, SDG4 বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন প্রস্তুতসহ শিক্ষা ক্ষেত্রে সঠিক, নির্ভরযোগ্য ও হালনাগাদ তথ্যের গুরুত্ব অপরিসীম । এ লক্ষ্যে দেশের সকল প্রাথমিকোত্তর শিক্ষা প্রতিষ্ঠান থেকে Online Software ব্যবহারের মাধ্যমে ব্যানবেইস প্রয়োজনীয় তথ্য সংগ্রহ কার্যক্রম প্রতিবছর পরিচালনা করে ডেটাবেইস হালনাগাদ করে থাকে। এ বছর দেশের সকল প্রাথমিকোত্তর শিক্ষা প্রতিষ্ঠান থেকে Online Software ব্যবহারের মাধ্যমে নিম্নোক্ত অঞ্চল ও তারিখ মোতাবেক তথ্য সংগ্রহ কার্যক্রম পরিচালিত হবে।

| শিক্ষা অঞ্চল | তথ্য সংগ্রহের মেয়াদ |
|---|---|
| ক) ঢাকা, ময়মনসিংহ ও সিলেট অঞ্চলের ২১ টি জেলা | ১৬ - ২০ অক্টোবর ২০২১ |
| খ) কুমিল্লা, চট্টগ্রাম ও খুলনা অঞ্চলের ২১ টি জেলা | ২১ - ২৫ অক্টোবর ২০২১ |
| গ) রাজশাহী, রংপুর ও বরিশাল অঞ্চলের ২২ টি জেলা | ২৬ - ৩০ অক্টোবর ২০২১ |

উক্ত সময়ের মধ্যে সরকারি ও বেসরকারি স্কুল, কলেজ এবং উচ্চ মাধ্যমিক বিদ্যালয়সহ দেশের সকল শিক্ষা প্রতিষ্ঠানের তথ্য ব্যানবেইস এর সার্ভারে অন্তর্ভুক্ত না হলে সঠিক সময়ে Bangladesh Education Statistics 2021 ও SDG4 বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন প্রকাশ, UNESCO INSTITUTE for STATISTICS (UIS) সহ অন্যান্য আর্ন্তজাতিক সংস্থায় তথ্য প্রদানে বিলম্ব ঘটে, ফলে E-Government Development Index (EGDI) ও অন্যান্য আন্তর্জাতিক সূচকে বাংলাদেশ এর অবস্থান নীচে পড়ে যায় এবং দেশের সুনাম ক্ষুন্ন হয়।

২। বর্ণিতাবস্থায়, ক) দেশের সকল সরকারি ও বেসরকারি স্কুল, কলেজ এবং উচ্চ মাধ্যমিক বিদ্যালয়সহ অধিদপ্তরের আওতাধীন অন্যান্য শিক্ষা প্রতিষ্ঠানের তথ্য শিক্ষা অঞ্চলভিত্তিক নির্ধারিত তারিখের মধ্যে ব্যানবেইস সার্ভারে আপলোড করার লক্ষ্যে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের জন্য অনুরোধ করছি এবং অধিদপ্তরের ওয়েবসাইটে জরিপ ক্যালেন্ডার ও বিশেষ বুলেটিন প্রচার; এবং

খ) নির্ধারিত তারিখের মধ্যে ব্যানবেইস সার্ভারে তথ্য প্রদানের সহযোগিতার লক্ষ্যে আঞ্চলিক পরিচালকদের আঞ্চলিক সমন্বয়কারী হিসেবে দায়িত্ব পালনের নির্দেশনা প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এতদসংগে অনুরোধ জানানো হলো।

**বিষয়টি অতীব জরুরী**

সংযুক্ত: ১। Online ফরম পূরণের নির্দেশিকা
২। শিক্ষা প্রতিষ্ঠান জরিপ ক্যালেন্ডার ২০২১

(হাবিবুর রহমান)
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)
ফোন: ৯৬৬৫৪৫৭
E-mail: dg@banbeis.gov.bd

মহাপরিচালক
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
১৬, আব্দুল গণি রোড, বাংলাদেশ, ঢাকা-১০০০

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):
১। সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ।
২। সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। অফিস কপি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস)
১ জহির রায়হান সড়ক (পলাশী-নীলক্ষেত), ঢাকা-১২০৫।
**Web:** www.banbeis.gov.bd

স্মারক নং ৩৭.২০.০০০০.০০৩.৩৫.০৯৩.২১/৪২৮২

তারিখ: ১২ আশ্বিন ১৪২৮ / ২৭ সেপ্টেম্বর ২০২১

## বিষয়: শিক্ষা প্রতিষ্ঠান বার্ষিক জরিপ ক্যালেন্ডার ২০২১

বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস) কর্তৃক বাস্তবায়নাধীন শিক্ষা প্রতিষ্ঠান বার্ষিক জরিপ ২০২১ এর কর্মকান্ড সুষ্ঠুভাবে পরিচালনার জন্য শিক্ষা মন্ত্রণালয়ের ২১.০৭.২০১০ তারিখের পরিপত্র নং ৩৭.০৬৬.০১৮.০০.০৬.০৫.২০১০-৩৩৮ এ ২(ক) অনুচ্ছেদের নির্দেশনা অনুসারে শিক্ষা প্রতিষ্ঠান সংক্রান্ত নিম্নোক্ত বার্ষিক জরিপ ক্যালেন্ডার প্রণয়ন করা হলো:

| নং | কাজের ধরণ | সময়সীমা | বাস্তবায়নের দায়িত্ব |
|---|---|---|---|
| ১। | জরিপ প্রশ্নমালার ওপর মতামত সংগ্রহ | ১০ সেপ্টেম্বর ২০২১ | ব্যানবেইস |
| ২। | সফটওয়্যার/প্রশ্নমালা আপডেশন | ১০ অক্টোবর ২০২১ | ব্যানবেইস |
| ৩। | জেলা শিক্ষা অফিসার, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার এবং সহকারী প্রোগ্রামারদের অন লাইন সার্ভে জরিপ সংক্রান্ত দিকনির্দেশনা/চিঠিপত্র ও e_Survey Manual প্রেরণ | ১২ অক্টোবর ২০২১ | ব্যানবেইস |
| ৪। | On line Software ব্যবহারের মাধ্যমে প্রতিষ্ঠানের তথ্য ব্যানবেইস সার্ভারে প্রেরণ নিশ্চিতকরণ (Data Collection) | | |
| | ক) ঢাকা, ময়মনসিংহ ও সিলেট শিক্ষা অঞ্চলের ২১ টি জেলা | ১৬ - ২০ অক্টোবর ২০২১ | পোস্ট প্রাইমারি স্তরের শিক্ষা প্রতিষ্ঠান প্রধান (আঞ্চলিক পরিচালক, আঞ্চলিক উপপরিচালক, জেলা শিক্ষা অফিসার ও উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসার, সহকারী প্রোগ্রামারগণ তথ্য প্রেরণের বিষয়টি নিশ্চিত করবেন) |
| | খ) কুমিল্লা, চট্টগ্রাম ও খুলনা শিক্ষা অঞ্চলের ২১ টি জেলা | ২১ - ২৫ অক্টোবর ২০২১ | |
| | গ) রাজশাহী, রংপুর ও বরিশাল শিক্ষা অঞ্চলের ২২ টি জেলা | ২৬ - ৩০ অক্টোবর ২০২১ | |
| | বিশ্ববিদ্যালয়, ইংলিশ মিডিয়াম এবং মেডিকেল ও ডেন্টাল কলেজসমূহের তথ্য সংগ্রহ যাচাই | ১৬ - ২৫ অক্টোবর ২০২১ | |
| ৫। | জরিপে সংগৃহীত তথ্যের সামঞ্জস্যতা যাচাই/Editing and Cleaning | ০১ - ৩০ নভেম্বর ২০২১ | ব্যানবেইস |
| ৬। | তথ্য প্রক্রিয়াকরণ | ০১- ৩১ ডিসেম্বর ২০২১ | ব্যানবেইস |
| ৭। | Bangladesh Education Statistics খসড়া প্রতিবেদন প্রস্তুত | ০১- ৩১ জানুয়ারি ২০২২ | ব্যানবেইস |
| ৮। | খসড়া প্রতিবেদনের উপর Workshop পরিচালনা | ১ - ১০ ফেব্রুয়ারি ২০২২ | ব্যানবেইস |
| ৯। | Workshop থেকে প্রাপ্ত মতামত সংযোজন করে প্রতিবেদন চূড়ান্তকরণ | ১১ - ২০ ফেব্রুয়ারি ২০২২ | ব্যানবেইস |
| ১০। | প্রতিবেদন মুদ্রণ ও বিতরণ | মার্চ ২০২২ | ব্যানবেইস |

(হাবিবুর রহমান)
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)
ফোন: ৯৬৬৫৪৫৭
E-mail: dg@banbeis.gov.bd

স্মারক নং ৩৭.২০.০০০০.০০৩.৩৫.০৯৩.২১/৪২৮২/২(২৬)

তারিখ: ১২ আশ্বিন ১৪২৮ / ২৭ সেপ্টেম্বর ২০২১

বিতরণ: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) সদয় অবগতি ও কার্যার্থে:

১ চেয়ারম্যান, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন, ঢাকা, [শিক্ষা প্রতিষ্ঠান বার্ষিক জরিপ ক্যালেন্ডারটি ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ];

২ মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা [শিক্ষা প্রতিষ্ঠান বার্ষিক জরিপ ক্যালেন্ডারটি ওয়েবসাইটে প্রকাশের

প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ];

৩ মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, গাইড হাউস (৭ম এবং ১০ম তলা), নিউ বেইলি রোড, ঢাকা [শিক্ষা প্রতিষ্ঠান বার্ষিক জরিপ ক্যালেন্ডারটি ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ];

৪ মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা [শিক্ষা প্রতিষ্ঠান বার্ষিক জরিপ ক্যালেন্ডারটি ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ];

৫ চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা [শিক্ষা প্রতিষ্ঠান বার্ষিক জরিপ ক্যালেন্ডারটি ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ];

৬ চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড [শিক্ষা প্রতিষ্ঠান বার্ষিক জরিপ ক্যালেন্ডারটি ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ];

৭ চেয়ারম্যান, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড [শিক্ষা প্রতিষ্ঠান বার্ষিক জরিপ ক্যালেন্ডারটি ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ];

৮ পরিচালক, ব্যানবেইস, ঢাকা;

৯ সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি বিভাগ, ব্যানবেইস, ঢাকা [শিক্ষা প্রতিষ্ঠান বার্ষিক জরিপ ক্যালেন্ডারটি ব্যানবেইস এর ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ];

১০ চিফ, পরিসংখ্যান বিভাগ/ চিফ, ডিএলপি বিভাগ, ব্যানবেইস, ঢাকা;

১১ পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, .............. ..... অঞ্চল;

১২ উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, .............. ..... অঞ্চল;

১৩ উপ-পরিচালক (প্রশাসন), ব্যানবেইস, ঢাকা;

১৪ জেলা শিক্ষা অফিসার ................ [সকল উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিস ও সকল পোস্ট-প্রাইমারি শিক্ষা প্রতিষ্ঠানে বহুল প্রচার ও জরিপ ক্যালেন্ডারের ছক এর সময়সীমা যথাযথ অনুসরণের অনুরোধ সহ];

১৫ উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসার ................. ..... [সকল পোস্ট-প্রাইমারি শিক্ষা প্রতিষ্ঠানে বিতরণ এবং জরিপ ক্যালেন্ডারের ছক এর সময়সীমা যথাযথ অনুসরণের অনুরোধ সহ];

১৬ সহকারী প্রোগ্রামার, ইউআইটিআরসিই ..................................;

১৭ প্রতিষ্ঠান প্রধান............................ [জরিপ ক্যালেন্ডারের ছক এর সময়সীমা যথাযথ অনুসরণের অনুরোধ সহ];

১৮ অফিস কপি।

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১ অতিরিক্ত সচিব, প্রশাসন/উন্নয়ন/কলেজ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;

২ অতিরিক্ত সচিব, প্রশাসন ও উন্নয়ন/মাদ্রাসা/কারিগরি, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা;

৩ প্রধান পরিকল্পনা (শিক্ষা উইং), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;

৪ যুগ্মসচিব, অডিট ও আইন মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;

৫ মাননীয় মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয় (মন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য), বাংলাদেশ সচিবালয়, ঢাকা;

৬ মাননীয় উপমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয় (উপমন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য), বাংলাদেশ সচিবালয়, ঢাকা;

৭ সচিব মহোদয়ের একান্ত সচিব (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;

৮ সচিব মহোদয়ের একান্ত সচিব (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২৭/৯/২০২১

(শেখ মোঃ আলমগীর)
চিফ, পরিসংখ্যান বিভাগ
ফোন: ৫৫১৫১৮১৫

# শিক্ষা প্রতিষ্ঠান বার্ষিক জরিপ ২০২১ এর তথ্য ছক পূরণ নির্দেশিকা

**অত্যাবশ্যকীয় নির্দেশাবলী:**

* স্বল্প সময়ে এবং সঠিকভাবে তথ্য প্রদান সম্পন্ন করার জন্য স্ব-স্ব প্রতিষ্ঠানের ক্ষেত্রে প্রযোজ্য তথ্যছক ব্যানবেইস এর ওয়েবসাইট থেকে ডাউনলোডপূর্বক সকল তথ্য-উপাত্ত সংগ্রহ পূর্বক হার্ডকপিতে লিপিবদ্ধ করে ব্যানবেইসের ওয়েবসাইটে লগ ইন করে যথাস্থানে তথ্য Upload করুন।

* শিক্ষার্থী ও শিক্ষক-কর্মচারীদের তথ্য প্রদানের ক্ষেত্রে অক্টোবর ২০২১ এর হালনাগাদ তথ্য প্রদান করতে হবে।

* শিক্ষা প্রতিষ্ঠানের নাম বাংলায় পূরণের ক্ষেত্রে **অভ্র কি-বোর্ড** এবং **Nikosh ফন্ট** ব্যবহার করুন।


* তারকা চিহ্নিত সকল ফিল্ডের তথ্য অবশ্যই প্রদান করতে হবে।

* তথ্য ছক পূরণ করার সময় বিদ্যুৎ চলে গেলে অথবা আংশিক তথ্য এন্ট্রি করার পর কোন কারণবশত আর তথ্য প্রদান করা সম্ভবপর না হলে Log out করে কিছুটা সময় পর পুনরায় লগ-ইন পাতায় গিয়ে EIIN এবং Password দিয়ে মূল তথ্যছকের পাতায় প্রবেশ করতে হবে।


১. প্রথমে কম্পিউটারের ব্রাউজার (যেমন: Google Chrome, Mozilla Firefox ইত্যাদি) এ প্রবেশ করুন।

২. ব্রাউজারে ব্যানবেইস এর ওয়েবসাইট www.banbeis.gov.bd এ প্রবেশ করুন।


৩. এবার নিয়োক্ত ছবির নির্দেশনা অনুযায়ী **শিক্ষা জরিপ ২০২১** মেনুতে ক্লিক করুন।



৪. ক্লিক করার পর নিম্নোক্ত ছবির মত Log in Page প্রদর্শিত হবে। এখানে EIIN বক্সে আপনার প্রতিষ্ঠানের EIIN এবং Password বক্সে ৫৩২৬৮৮ লিখে **Log in** বাটনে ক্লিক করুন।





৫. সফলভাবে লগ-ইন সম্পন্ন হলে নিম্নোক্ত ছবির মত তথ্যছকের মূল পাতা প্রদর্শিত হবে। আপনি সঠিকভাবে নিজ প্রতিষ্ঠানের আইডিতে লগ-ইন করতে পেরেছেন কি-না, তা নিশ্চিত হওয়ার জন্য নিম্নোক্ত ছবিতে নির্দেশিত স্থানে আপনার প্রতিষ্ঠানের নাম প্রদর্শিত হচ্ছে কি-না দেখে নিন।





৬. আপনার প্রতিষ্ঠানের অনেক তথ্য পূরণকৃত দেখাবে। এক্ষেত্রে পূরণকৃত তথ্যের কোন পরিবর্তন প্রয়োজন হলে পরিবর্তন করুন। এছাড়া কিছু তথ্য খালি বা ফাঁকা দেখবেন, ফাঁকা অংশগুলো যথাযথভাবে পূরণ করুন। তথ্যছকের কোন আবশ্যিক ঘর ফাঁকা থাকলে পরবর্তী ধাপে প্রবেশ করতে পারবেন না।

৭. প্রথম Page এ প্রযোজ্য তথ্যসমূহ পূরণ করা সম্পন্ন হলে নিম্নোক্ত ছবিতে প্রদর্শিত তথ্যছকের নিচের দিকে থাকা **Save and Next** বাটন এ ক্লিক করুন। ক্লিক করার পূর্বে সকল তথ্য সঠিকভাবে দেয়া হয়েছে কিনা নিশ্চিত হউন। অসম্পূর্ণ বা আংশিক তথ্য কোন ক্রমেই গ্রহণযোগ্য হবে না। ভুল তথ্য প্রদান করলে প্রতিষ্ঠান ক্ষতিগ্রস্ত হতে পারে। তথ্য সঠিকভাবে সংরক্ষিত হলে **Data Saved Successfully** লেখা ভেসে উঠবে। অতঃপর ভবিষ্যত প্রয়োজনে ব্যবহারের জন্য চিত্রে প্রদর্শিত **Print** বাটনে ক্লিক করে প্রদত্ত তথ্য সংরক্ষণ করুন। উল্লেখ্য, প্রতি পাতার তথ্য পৃথকভাবে প্রিন্ট করতে হবে। তথ্যছকের সকল পাতা একত্রে প্রিন্ট করার সুযোগ নেই।





৮. নিম্নের চিত্রে প্রদর্শিত ১.৩.১৮ নং তথ্যছকে বিগত তিন বছরের শিক্ষার্থী বিষয়ক তথ্য প্রদানের ক্ষেত্রে বিশেষ সতর্কতা অবলম্বন করার জন্য অনুরোধ করা হল। আপনার প্রদত্ত তথ্যে ভুল থাকলে শিক্ষা প্রতিষ্ঠান ক্ষতিগ্রস্ত হতে পারে।




১.৩.১৮ শিক্ষার্থীর তথ্য (তিন বছরের তথ্য প্রদান করুন):[স্তরভিত্তিক তথ্য (যেমন-নিম্ন মাধ্যমিক(৬ষ্ঠ-৮ম) এর ক্ষেত্রে তিন শ্রেণির শিক্ষার্থীর যোগফল) প্রদান করুন]


| বছর | নিম্ন মাধ্যমিক (৬ষ্ঠ-৮ম) | মাধ্যমিক (৯ম-১০ম) | উচ্চ মাধ্যমিক (১১শ-১২শ) | | | ডিগ্রী (১৩শ-১৫শ) | | |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | | বিজ্ঞান | মানবিক | ব্যবসায় শিক্ষা | বিজ্ঞান | মানবিক | ব্যবসায় শিক্ষা |
| 2018 | 11 | 12 | 13 | 14 | 15 | 16 | 17 | 18 |
| 2019 | 19 | 20 | 21 | 22 | 23 | 24 | 25 | 26 |
| 2020 | 27 | 28 | 29 | 30 | 31 | 32 | 33 | 34 |

৯. তথ্য সঠিকভাবে সংরক্ষিত হলে মেনুবারে প্রদর্শিত পরবর্তী মেনুতে (যেমন: মৌলিক তথ্য-২, শিক্ষার্থী-১, শিক্ষার্থী-২ ইত্যাদি) ক্লিক করুন এবং পুর্বের ন্যায় তথ্য পূরণ করে সংরক্ষণ করুন।




১০. একই পদ্ধতিতে সর্বশেষ পাতা (শিক্ষক-কর্মচারী তথ্য) পর্যন্ত তথ্য পূরণ করে যেতে হবে এবং প্রতি পাতার তথ্য পূরণের পর সংরক্ষণের জন্য ০৭ নং অনুচ্ছেদের নির্দেশনা অনুসরণ করতে হবে।


১১. চিত্রে প্রদর্শিত ৩.১৩ তথ্যছকে কোভিড-১৯ সংক্রান্ত তথ্যাদি অবশ্যই পূরণ করতে হবে।





১২. সর্বশেষ পাতায় (শিক্ষক-কর্মচারী তথ্য) শিক্ষক-কর্মচারীদের ব্যক্তিগত তথ্যছকে প্রতিষ্ঠানের সকল শিক্ষক/ কর্মচারীর তথ্য হালনাগাদ করুন। তথ্য হালনাগাদের পূর্বে "শিক্ষক ও কর্মচারীর তথ্য" এর নিচে প্রদর্শিত বিশেষ নির্দেশাবলি ভালোভাবে পড়ুন। কোন শিক্ষক ও কর্মচারীর নাম বাদ দেওয়ার প্রয়োজন হলে ঐ শিক্ষক/ কর্মচারীর নামের ডানদিকে Action কলামে প্রদর্শিত **Delete** বাটনে ক্লিক করুন। শিক্ষক-কর্মচারীদের ব্যক্তিগত তথ্য হালনাগাদের জন্য ঐ শিক্ষক/ কর্মচারীর নামের ডানদিকে Action কলামে প্রদর্শিত **Edit** বাটনে ক্লিক করুন।



১৩. **Edit** বাটনে ক্লিক করলে নিম্নোক্ত ছবির মত একটি স্ক্রিন সামনে আসবে। প্রদর্শিত স্ক্রিনে সকল তথ্য সতর্কতার সাথে হালনাগাদ করুন। তথ্য হালনাগাদ সম্পন্ন হলে নিম্নোক্ত চিত্রে প্রদর্শিত **Save changes** বাটনে ক্লিক করুন।





১৪. নতুন শিক্ষক ও কর্মচারীর তথ্য এন্ট্রি করার জন্য **+Add Teacher** বাটনে ক্লিক করুন। এই বাটনে ক্লিক করলে পূর্বের চিত্রের মত একটি স্ক্রিন ভেসে উঠবে, সেখানে সকল ঘরের তথ্য সতর্কতার সাথে পূরণ করে **Save changes** বাটনে ক্লিক করলেই নতুন শিক্ষক/ কর্মচারীর তথ্য সংযোজিত হয়ে যাবে।




১৫. শিক্ষক- কর্মচারীগণের তথ্য সঠিকভাবে হালনাগাদকরণ সম্পন্ন হলে তথ্যছকের নিচের দিকে থাকা **Submit** বাটন এ ক্লিক করে তথ্য সংরক্ষণ করুন।

১৬. সকল পাতার তথ্য নির্ভুলভাবে হালনাগাদ করা সম্পন্ন হলে নিম্নোক্ত চিত্রে প্রদর্শিত **চূড়ান্ত সাবমিট** বাটনে ক্লিক করে তথ্য প্রদান সম্পন্ন করুন। সঠিকভাবে তথ্য প্রদান সম্পন্ন হলে স্ক্রিনে ধন্যবাদসূচক বার্তা প্রদর্শিত হবে। অতঃপর প্রতিষ্ঠানের পরবর্তী প্রয়োজনের জন্য দাখিলকৃত তথ্যসমূহ সংরক্ষণের বিষয়টি নিশ্চিত করে **Log out** বাটনে ক্লিক করে বের হয়ে যান।




১৭. শিক্ষা প্রতিষ্ঠান প্রধানগণ তথ্যছক Submit করার পর সহকারী প্রোগ্রামার/উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসারকে টেলিফোনে/মোবাইলে অবহিত করবেন। উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসার তথ্যছক ভেরিফাই করার পর জেলা শিক্ষা অফিসারগণ ভেরিফাই করবেন।সহকারী প্রোগ্রামার/উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসার এবং জেলা শিক্ষা অফিসারগণের ভেরিফাই ব্যতীত বর্ণিত তথ্যছক ব্যানবেইস Server এ গৃহীত হবে না।

১৮. উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসার এবং সহকারী প্রোগ্রামারগণ স্ব-স্ব উপজেলার ন্যূনতম ১০ শতাংশ শিক্ষা প্রতিষ্ঠান স্বশরীরে পরিদর্শনপূর্বক শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক দাখিলকৃত তথ্যের সঠিকতা যাচাই করবেন।

১৯. জরিপের তথ্য নির্ভুল হওয়া বাঞ্চনীয়। ভবিষ্যতে এ তথ্যের উপর ভিত্তি করে পরিকল্পনা প্রণয়ন করা হবে।

২০. সার্ভারের লোড ব্যালেন্সিং এবং নির্বিঘ্নভাবে তথ্য প্রদানের সুবিধার্থে শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক তথ্য প্রদানের সময়কাল শিক্ষা-অঞ্চলভিত্তিক নিম্নরূপে নির্ধারণ করা হয়েছে। নির্দিষ্ট সময়ের মধ্যে তথ্য প্রদান নিশ্চিতকরণের জন্য সংশ্লিষ্ট সকলকে বিশেষভাবে অনুরোধ করা হলো।

| শিক্ষা-অঞ্চল: | সময়কাল |
|---|---|
| ক) ঢাকা, ময়মনসিংহ ও সিলেট [২১ টি জেলা] | ১৬ - ২০ অক্টোবর ২০২১ |
| খ) কুমিল্লা, চট্টগ্রাম ও খুলনা [২১ টি জেলা] | ২১ - ২৫ অক্টোবর ২০২১ |
| গ) রাজশাহী, রংপুর ও বরিশাল [২২ টি জেলা] | ২৬ - ৩০ অক্টোবর ২০২১ |
| | |
| বিশ্ববিদ্যালয়, ইংলিশ মিডিয়াম এবং মেডিকেল ও ডেন্টাল কলেজসমূহের তথ্য সংগ্রহ | ১৬ - ২৫ অক্টোবর ২০২১ |

বি: দ্র: কোন বিশেষ কারণে নির্ধারিত সময়কালের মধ্যে কোন শিক্ষা প্রতিষ্ঠান তথ্য প্রদান করতে সক্ষম না হলে **নভেম্বর, ২০২১** এর প্রথম সপ্তাহের মধ্যে জরিপের তথ্য প্রদান করা যাবে।

২১. শিক্ষা প্রতিষ্ঠান বার্ষিক জরিপ ২০২১ এর তথ্যছক পূরণে যেকোন সহযোগিতা বা পরামর্শের জন্য যোগাযোগ করুন:

| নং | নাম | পদবি | টেলিফোন নম্বর | মোবাইল নম্বর | দায়িত্বপ্রাপ্ত শিক্ষা-অঞ্চল |
|---|---|---|---|---|---|
| ১ | জনাব এস. এম কামরুল হাসান | স্পেশালিস্ট (পরিসংখ্যান) | ০২৫৫১৫২১১৫ | ০১৫৫২৩৩৯২৩১ | ঢাকা |
| ২ | জনাব শাহীনা সুলতানা | পরিসংখ্যান অফিসার | ০২ ৫৫১৫২১১৪ | ০১৯১১৯৮৯১৩৭ | রাজশাহী |
| ৩ | জনাব মোহাম্মদ ফখরুল হাসান | পরিসংখ্যান অফিসার | ০২ ৫৫১৫২১১৬ | ০১৭১২৫৫৫৪৬৯ | রংপুর |
| ৪ | জনাব নূর মোহাম্মদ | পরিসংখ্যান অফিসার | ০২ ৫৫১৫১৭৯৮ | ০১৭১০৪৮০৯৯২ | খুলনা ও বরিশাল |
| ৫ | জনাব উম্মে নাজাইরা লিজা | পরিসংখ্যান অফিসার | ০২৫৫১৫২১০৩ | ০১৯৩৫৮০৫৭১১ | চট্টগ্রাম |
| ৬ | জনাব মোঃ মাজহারুল ইসলাম | পরিসংখ্যান অফিসার | | ০১৯৬৩০৯৪৬৯৫ | সিলেট |
| ৭ | জনাব মোহাঃ তরিকুল ইসলাম | সহ. পরিসংখ্যান অফিসার | | ০১৮১৭০৯৫৩৭৭ | কুমিল্লা |
| ৮ | জনাব মোঃ আমিনুর রহমান | সহ. পরিসংখ্যান অফিসার (চ.দা.) | | ০১৭১৫৯৪৭৪৭৮ | ময়মনসিংহ |

- জরিপ কার্যক্রম সার্বিক তদারকি করবেন জনাব শেখ মোঃ আলমগীর, চিফ, পরিসংখ্যান বিভাগ;
  ফোন: ০২ ৫৫১৫১৮১৫, মোবাইল: ০১৭১১৫৭৬৩৩৩, ই-মেইল: alamgir_asif@yahoo.com

info@banbeis.gov.bd

২২. Software সংক্রান্ত যেকোন জটিলতায় পরামর্শের জন্য যোগাযোগ করুন:

| নং | নাম | পদবি | টেলিফোন নম্বর | মোবাইল নম্বর |
|---|---|---|---|---|
| ১ | জনাব কে, এম, হাসানুল্লাহ মাহমুদ | প্রোগ্রামার | ০২৫৫১৫১৬৬৭ | ০১৯১৪৮৯০৫০৮ |
| ২ | জনাব মোঃ মিজানুর রহমান | প্রোগ্রামার | ০২৫৫১৫৬৬৫ | ০১৯১১০৩৫২৯৭ |
| ৩ | জনাব সুজন চন্দ্র দাস | সহকারী প্রোগ্রামার | ০২৫৫১৫২১২৩ | ০১৯৩৬৫৮৩৮৫৬ |
| ৪ | জনাব মোঃ ইফতিয়ার আলম | সহকারী প্রোগ্রামার | ০২৫৫১৫২১২৪ | ০১৫৭১৭৩৭০৩৩ |
| ৫ | জনাব মোঃ ফজলে রাব্বী | সহকারী প্রোগ্রামার | ০২৫৫১৫২১২৫ | ০১৯২৪২১৭৯৪৭ |
| ৬ | জনাব মোঃ লিয়াজ মাহামুদ লিমন | সহকারী প্রোগ্রামার | ০২৫৫১৫১৮১১ | ০১৭২৩২০৭৫৭৭ |
| ৭ | জনাব মোঃ নাজমুল হক আনছারী | সহকারী প্রোগ্রামার | ০২৫৫১৫২১২২ | ০১৭১৫৬৫৯৬৬৩ |

- Software সংক্রান্ত যেকোন জটিলতায় প্রয়োজনীয় সেবা প্রদানের বিষয়টি সার্বিক তদারকি করবেন জনাব মোঃ আবু তাহের খান, সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি বিভাগ; ফোন: ০২ ৫৫১৫১৬৬৬, মোবাইল: ০১৫৫২৪৯২৭৭৮, ই-মেইল: sas@banbeis.gov.bd ।

**আপনার সহযোগিতার জন্য আন্তরিক ধন্যবাদ।**